

কী সেবা কীভাবে পাবেন

যে কোন ভোক্তা মহাপরিচালক, প্রধান কার্যালয়, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, উপপরিচালক, বরিশাল বিভাগীয় কার্যালয়, সহকারী পরিচালক, বরিশাল জেলা কার্যালয় ও অন্যান্য জেলা কার্যালয় সমূহ এবং বিভাগের আওতাধীন প্রত্যেক জেলার জেলা ম্যাজিস্ট্রেট বরাবর অভিযোগ দায়ের করে সেবা পেতে পারেন। লিখিত আকারে, ফ্যাক্স, ইমেইল, ওয়েবসাইট ইত্যাদি মাধ্যমে অভিযোগ দায়ের করা যাবে। অভিযোগের আবেদনে অবশ্যই অভিযোগকারির পূর্ণ নাম ও ঠিকানা, পিতা ও মাতার নাম, ফোন নং এবং পেশা উল্লেখ করতে হবে।

অভিযোগ দায়েরের সময়সীমা :

ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৬০ অনুযায়ী, কোন ব্যক্তি কারণ উদ্ভব হওয়ার ৩০ দিনের মধ্যে এই আইনের অধীন অভিযোগ দায়ের করতে হবে। অন্যথায় উক্ত অভিযোগ গ্রহণযোগ্য হবে না।

জরিমানার অর্থের ২৫% প্রদান :

দায়েরকৃত আমলযোগ্য অভিযোগ তদন্তে প্রমাণিত ও জরিমানা আরোপ করা হলে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৭৬(৪) অনুযায়ী আদায়কৃত জরিমানার ২৫ শতাংশ তাৎক্ষণিকভাবে অভিযোগকারীকে প্রদান করা হবে।

অভিযোগ দায়েরের পদ্ধতি :

ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৭৬ (১) অনুযায়ী, “যে কোন ব্যক্তি, যিনি, সাধারণভাবে একজন ভোক্তা বা ভোক্তা হইতে পারেন, এই অধ্যাদেশের অধীন ভোক্তা-অধিকার বিরোধী কার্য সম্পর্কে মহাপরিচালক বা এতদুদ্দেশ্যে মহাপরিচালকের নিকট হতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিকে অবহিত করিয়া লিখিত অভিযোগ দায়ের করিতে পারিবেন।”

যেখানে অভিযোগ দায়ের করা যাবে :

মহাপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা, ফ্যাক্স: +৮৮০২ ৮১৮৯৪২৫

জাতীয় ভোক্তা অভিযোগ কেন্দ্র, টিসিবি ভবন- ৯ম তলা, ১ কারওয়ান বাজার ঢাকা, ফোন: ০১৭৭৭ ৭৫৩৬৬৮ ইমেইল-
nccc@dncrp.gov.bd

- উপপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বরিশাল বিভাগীয় কার্যালয়।
- সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ভোলা কার্যালয়।

যোগাযোগের ঠিকানাঃ

সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ভোলা জেলা কার্যালয়,

কক্ষ নং ২২৩, জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা

ফোনঃ ০২৪৭৮৮৯৪২৬৫, ০১৩১৮৩৯৬৯৮০

ই-মেইলঃ ad-bhola@dncrp.gov.bd

ষেভাবে অভিযোগ দায়ের করতে হবে :

দায়েরকৃত অভিযোগ অবশ্যই লিখিত হতে হবে। ফ্যাক্স, ই-মেইল, ওয়েব সাইট, ইত্যাদি মাধ্যমে অভিযোগ দায়ের করা যাবে। অভিযোগের সাথে পণ্য বা সেবা ক্রয়ের রশিদ অথবা যাবতীয় প্রমাণাদি সংযুক্ত করতে হবে। অভিযোগকারী তাঁর পূর্ণাঙ্গ নাম ও ঠিকানা, পিতা ও মাতার নাম, ফোন, ফ্যাক্স ও ই-মেইল নম্বর (যদি থাকে) এবং পেশা উল্লেখ করবেন।